

া সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪০৩

২২/ সাওম [রোযা] (১যা়্না)

পরিচ্ছেদঃ ৭৭/ মাসে দশ দিন সাওম পালন করা এবং এ বিষয়ে আবদুল্লাহ ইবন আমর (রাঃ) এর হাদীস বর্ণনাকারীদের মধ্যে শব্দ বর্ণনায় পার্থক্য

باب صَوْمِ عَشْرَةِ أَيَّامٍ مِنَ الشَّهْرِ وَاخْتِلاَفِ أَلْفَاظِ النَّاقِلِينَ لِخَبَرِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو فِيهِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ قَالَ حَدَّثَنَا حَجَّاجٌ قَالَ قَالَ ابْنُ جُرَيْجٍ سَمِعْتُ عَطَاءً يَقُولُ إِنَّ الْعَبَّاسِ الشَّاعِرَ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ بَلَغَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِّي أَصنُومُ أَسْرُدُ الصَوْمَ وَأُصلِّي اللَّيْلَ فَأَرْسَلَ إِلَيْهِ وَإِمَّا لَقِيَهُ قَالَ أَلَمْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِّي أَصنُومُ أَسْرُدُ الصَوْمَ وَأُصلِي اللَّيْلَ فَلَا تَفْعَلْ فَإِنَّ لِعَيْنِكَ حَظًّا وَلِنَفْسِكَ حَظًّا أَدُبْرُ أَنَّكَ تَصنُومُ وَلَا تُفْطِرُ وَصَلِّ وَنَمْ وَصنُمْ مِنْ كُلِّ عَشَرَةٍ أَيَّامٍ يَوْمًا وَلَكَ أَجْرُ تِسْعَةٍ وَلِأَهْلِكَ حَظًّا وَصنُمْ وَأَفْطِرُ وَصنَلِّ وَنَمْ وَصنُمْ مِنْ كُلِّ عَشَرَةٍ أَيَّامٍ يَوْمًا وَلَكَ أَجْرُ تِسْعَةٍ وَلَا أَيْفِ وَلَكَ أَجْرُ تِسْعَةٍ قَالَ إِنِّي أَقُوى لِذَلِكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ صنيامَ دَاوُدَ إِذًا قَالَ وَكَيْفَ كَانَ صِيامُ دَاوُدَ إِذًا قَالَ وَكَيْفَ كَانَ صِيامُ دَاوُدَ إِذَا لَاقَى قَالَ وَمَنْ لِي بِهَذَا يَا نَبِيَّ يَا نَسِومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلَا يَفِرُ إِذَا لَاقَى قَالَ وَمَنْ لِي بِهَذَا يَا نَبِيَّ اللَّهِ قَالَ كَانَ يَصنُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلَا يَفِرُ إِذَا لَاقَى قَالَ وَمَنْ لِي بِهَذَا يَا نَبِيَّ اللَّهِ قَالَ كَانَ يَصنُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلَا يَفِرُ إِذَا لَاقَى قَالَ وَمَنْ لِي بِهَذَا يَا نَبِيَّ اللَّهِ قَالَ كَانَ يَصنُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلَا يَفِرُ إِذَا لَاقَى قَالَ وَمَنْ لِي بِهَذَا يَا نَبِيَ

বাংলা

২৪০৩. ইবরাহীম ইবন হাসান (রহঃ) ... আব্দুল্লাহ ইবন আমর ইবন আস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে সংবাদ পৌঁছলে যে, আমি সর্বদা সাওম পালন করে থাকি এবং সারা রাত্রে সালাত আদায় করে থাকি। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে সংবাদ পাঠালেন কিংবা তিনি তাঁর সাথে সাক্ষাৎ করলেন।

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন আমাকে সংবাদ দেওয়া হয়েছে যে, তুমি সর্বদা সাওম পালন কর; সাওম ভঙ্গ কর না এবং সারা রাত্রে সালাত আদায় করে থাকে। তুমি এরূপ করবে না। কেননা, তোমার চন্দুর জন্য তোমার উপর হক রয়েছে। তোমার শরীরের জন্য তোমার উপর হক রয়েছে। তোমার স্ত্রীর জন্য তোমার উপর হক রয়েছে। তুমি কখনো কখনো সাওম পালন করবে। আবার কখনো সাওম ভঙ্গও করে ফেলবে। এবং রাত্রের কিছু সময় সালাত আদায় করবে। আর কিছু সময় নিদ্রা যাবে। তুমি প্রত্যেক দশ দিনে একদিন সাওম পালন করবে, তাহলে তোমার জন্য অবশিষ্ট নয় দিনের সওয়াবও লেখা হবে।



আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমি তো এর চেয়েও অধিক সাত্তম পালন করার সামর্থ্য রাখি। তিনি বলেন, তাহলে তুমি দাউদ (আ.)-এর সাওম পালন কর। তিনি বলেন দাউদ (আ.)-এর সাওম কিরূপ ছিল। ইয়া রাসূলাল্লাহ? তিনি বলেন, দাউদ (আ.) একদিন সাওম পালন করতেন আর তিনি একদিন সাওম ভঙ্গ করতেন। আর তিনি শক্রুর মুখোমুখী হলে পলায়ন করতেন না। তিনি বললেন যে, হে আল্লাহ্র নবী! আমার সেই শক্তি কোথায়?

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। মিশকাত ২০৫৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন